**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 17-11-2025 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সৌদি আরবের মক্কা থেকে মদিনা যাওয়ার পথে তীর্থযাত্রীবাহী একটি বাস ও ট্যাঙ্কারের মধ্যে সংঘর্ষে বহু ভারতীয় হজ যাত্রীর মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর, এই ঘটনায় শোক ব্যক্ত করেছেন।

২/ ভারতের রাষ্ট্রায়ত্ত্ব পেট্রোলিয়াম কোম্পানীগুলি আগামী এক বছর মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ২২ লক্ষ টন লিক্যুইড পেট্রোলিয়াম গ্যাস–LPG আমদানি করার চুক্তি করেছে।

৩/ স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ হরিয়ানার ফরিদাবাদে আজ উত্তরাঞ্চল পরিষদের ৩২-তম সভায় সভাপতিত্ব করছেন।

৪/ বিহারে নতুন সরকার গঠনে NDA শরিক দলগুলির মধ্যে তৎপরতা তুঙ্গে।

# পাটনায় আজ JDU পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য বৈঠকে বসতে চলেছে।

৫/ বাংলাদেশে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল আজ মানবতা বিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা শুরু হয়েছে।

৬/ লুক্সেমবার্গের স্ট্রাসেনে, জিটি ওপেন ইন্ডোর ওয়ার্ল্ড সিরিজে পুরুষদের কম্পাউন্ড বিভাগে শিরোপা জিতলেন ভারতীয় তীরন্দাজ কুশল দালাল।

oooooooooooooooooooooo

সৌদি আরবের মক্কা থেকে মদিনা যাওয়ার পথে তীর্থযাত্রীবাহী একটি বাস ও ট্যাঙ্কারের মধ্যে সংঘর্ষে বহু ভারতীয় হজ যাত্রীর মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে।

প্রাথমিকভাবে পাওয়া খবরে জানা গেছে, ভারতীয় সময় গতরাত দেড়টা নাগাদ মুফরিহাট  নামে একটি স্থানে বাসটির সঙ্গে একটি ডিজেল ট্যাঙ্কারের মুখোমুখি সংঘর্ষ হয়। হতাহতদের মধ্যে বেশ কয়েকজন মহিলা ও শিশু রয়েছে। মক্কায় হজ যাত্রার শেষে তীর্থযাত্রীরা মদিনার দিকে যাওয়ার সময় এই ঘটনা ঘটে বলে জানা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সৌদি আরবের মোদিনায় পথ দুর্ঘটনায় একাধিক ভারতীয়র মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। একই সঙ্গে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর এই দুর্ঘটনায় ভারতীয় হজ যাত্রীদের মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি জানিয়েছেন, রিয়াধে ভারতীয় দূতাবাস এবং জেড্ডায় ভারতের বানিজ্য দূতাবাসের পক্ষ থেকে হতাহতদের পরিবার পরিজনদের সবরকম সহায়তার ব্যবস্থা করা হয়েছে।

এদিকে জেড্ডায় ভারতীয় বাণিজ্য দূতাবাসের পক্ষ থেকে এই ঘটনার বিষয়ে অনুসন্ধানের জন্য একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এই কন্ট্রোল রুমের হেল্প লাইন নম্বরগুলি হল- 80024-40003/ 01226-14093/01266-14276/ 05561-22301 .

oooooooooooooooooooooo

ভারতের রাষ্ট্রায়ত্ত্ব পেট্রোলিয়াম কোম্পানীগুলি আগামী এক বছর মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ২২ লক্ষ টন লিক্যুইড পেট্রোলিয়াম গ্যাস - এল পি জি আমদানি করার চুক্তি করেছে। সমাজ মাধ্যমের এক বার্তায় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, দেশের নাগরিকদের কাছে সুলভ মূল্যে এবং নিরাপদে গ্যাস সরবরাহের লক্ষ্যে সরকার একাধিক উৎস নিশ্চিত করতে উদ্যোগ নিচ্ছে। তিনি জানান,ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড এবং হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের প্রতিনিধিদল গত কয়েক মাস ধরে গ্যাস আমদানির বিষয়ে মার্কিন কোম্পানীগুলির সঙ্গে আলোচনা করে। শ্রী পুরী জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানীগুলি, বিশ্বের সমস্ত দেশের তুলনায় সবচেয়ে কম দামে দেশের

নাগরিকদের কাছে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করছে। উজ্জ্বলা যোজনার অধীনে দেশে পাঁচশো টাকা থেকে সাড়ে পাঁচশো টাকায় গ্যাস সিলিন্ডার সরবরাহ করা হচ্ছে বলে তিনি জানান। মহিলাদের সুবিধার্থে কেন্দ্রীয় সরকার গত বছর ৪০ হাজার কোটি টাকা ভর্তুকি দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ হরিয়ানার ফরিদাবাদে উত্তরাঞ্চল পরিষদের ৩২ তম সভায় সভাপতিত্ব করবেন। রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা, পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবত মান, হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়েব সিং সাইনি, হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু, জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা, দিল্লির উপরাজ্যপাল বিনয় কুমার সাকসেনা এবং মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা সহ বরিষ্ঠ আধিকারিকরা এই সভায় উপস্থিত রয়েছেন। রাজ্যগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধি, নদীর জলবন্টন এবং উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা চলছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, জোনাল কাউন্সিলগুলিকে শুধুমাত্র পরামর্শ দাতার ভূমিকা থেকে সক্রিয় কার্যকরী সংস্থা টিম ভারতের ভূমিকায় পরিবর্তিত করা হয়েছে। এই জোনাল কাউন্সিল দেশের একাধিক গুরত্বপূর্ণ বিষয়ে আলোচনা করবে। গত ১১ বছরে মোট ৬৩ টি জোনাল কাউন্সিল-এর সভা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সম্প্রতি দিল্লির লালকেল্লায় ভয়াবহ বিস্ফোরণের জেরে বিস্ফোরক তৈরিতে ব্যবহৃত NPK সার বিক্রির সময় কেন্দ্রীয় সরকারের নির্দেশে সারা দেশের সঙ্গে এই রাজ্যেও সার বিক্রেতাদের আবশ্যিকভাবে ক্রেতার আধার নম্বর ও বায়োমেট্রিক হাতের ছাপ সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি একমাত্র লাইসেন্স প্রাপ্ত ডিলাররাই এই সার বিক্রি করতে পারবে বলে নির্দেশে উল্লেখ রয়েছে বলে কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে। এইজন্যে খোলা বাজারে আরও নজরদারি বৃদ্ধির কথা বলা হয়েছে।

উল্লেখ্য, দিল্লির ভয়াবহ বিস্ফোরণে NPK সারের নাইট্রোজেন, ফসফরাস ও পটাশিয়াম-এর মিশ্রণ দিয়ে শক্তিশালী বিস্ফোরক তৈরি করা হয়েছিল বলে পুলিশ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেনা প্রধান ডক্টর উপেন্দ্র দ্বিবেদী জানিয়েছেন, জম্মু কাশ্মীরের সন্ত্রাসবাদী কার্যকলাপ উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। নতুন দিল্লিতে চাণক্য ডিফেন্স ডায়লগ-২০২৫-এর সূচনা করে জেনারেল দ্বিবেদী বলেন, এ পর্যন্ত এই বছরে ৩১ জন সন্ত্রাসবাদী আত্মসমর্পণ করেছে, যাদের মধ্যে প্রায় সাত শতাংশ'ই পাকিস্তানের সন্ত্রাসবাদী। বর্তমান সময়ে কাশ্মীর উপত্যকায় পাথর ছোঁড়ার ঘটনা প্রায় হয়না বলেই তিনি উল্লেখ করেন। জেনারেল দ্বিবেদী জানান, যেকোনোরকমের যুদ্ধের জন্য, ভারত প্রস্তুত। যারা সন্ত্রাসবাদে মদত দিচ্ছে, তারা উপযুক্ত জবাব পাবে বলেও তিনি উল্লেখ করেন।

( বাইট- সেনা প্রধান )

সেনা প্রধান জানান, মাত্র ৮৮ ঘন্টায় 'অপারেশন সিন্দুর' সম্পন্ন করা হয়েছে। এরপর পাকিস্তান যদি আর কোনো অপকর্ম করার চেষ্টা করে, ভারতীয় সেনাবাহিনী তার যোগ্য জবাব দেবে।

oooooooooooooooooooooo

বিহারে, নতুন এনডিএ-নেতৃত্বাধীন সরকার গঠনের বিষয়ে রাজনৈতিক তৎপরতা জোরদার হয়েছে। পাটনায় মুখ্যমন্ত্রী নীতিশ কুমারের বাসভবনে বিভিন্ন দলের দফায় দফায় বৈঠক হয়েছে।

এনডিএ-র বেশ কয়েকজন প্রবীণ নেতা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন এবং পরবর্তী সরকার গঠনের বিষয়ে তাদের আলোচনা হয়েছে । বিজেপির ঊর্ধ্বতন নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই, উপ-মুখ্যমন্ত্রী বিজয় কুমার সিনহা এবং জাতীয় লোক মোর্চার (আরএলএম) সভাপতি উপেন্দ্র কুশওয়াহা গতকাল নীতিশ কুমারের সঙ্গে দেখা করেছেন। হিন্দুস্তানি আওয়াম মোর্চার প্রফুল্ল কুমার পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন।

বিজেপির পরিষদীয় দলের বৈঠক আজ অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। এনডিএ-র সমস্ত সহযোগী দল পৃথক সভায় তাদের পরিষদীয় দলের নেতা নির্বাচন করার পর, এনডিএ ২০২ জন নবনির্বাচিত বিধায়কদের নিয়ে একটি যৌথ সভায় আজ তাদের পরিষদীয় দলের নতুন নেতা নির্বাচন করবে। এর পর, বিধায়কদের সমর্থনের চিঠি সহ সরকার গঠনের দাবি রাজ্যপালের কাছে জমা দেওয়া হবে।

মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের সভাপতিত্বে আজ বর্তমান সরকারের মন্ত্রিসভার শেষ বৈঠক অনুষ্ঠিত হবে। এই বৈঠকে, বর্তমান মন্ত্রিসভা ভেঙে দেওয়ার সুপারিশ করা হবে, এবং তারপরে রাজ্যে নতুন সরকার গঠনের পথ পরিষ্কার হবে।

উল্লেখ্য আগামী ২০ নভেম্বর বিহারের গান্ধী ময়দানে মুখ্যমন্ত্রী সহ মন্ত্রীসভার শপথ গ্রহণ অনুষ্ঠান হয়ে পারে। সেই কারণে আগামী ২০ তারিখ পর্যন্ত গান্ধী ময়দানে জনসাধারনের প্রবেশ নিয়ন্ত্রিত করা হয়েছে।

oooooooooooooooooooooo

সংযুক্ত আরব আমীরশাহীতে আজ থেকে শুরু হচ্ছে দুবাই এয়ার শো ২০২৫ । দুদিনের এই অনুষ্ঠানে ভারত তার সামরিক ক্ষমতার প্রদর্শন করবে। ভারতীয় বায়ুসেনা সূর্যকিরণ এরোবেটীক টীম ও এল শি এ তেজসের সাথে এই প্রদর্শনীতে অংশ নেবে। প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ ভারতীয় দলের নেতৃত্ব দেবেন। এই সফরে শ্রী শেঠ সংযুক্ত আরব আমিরশাহির প্রতিরক্ষামন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। এছাড়াও তিনি ভারত, সংযুক্ত আরব আমীরশাহী, অস্ট্রেলিয়া, আমেরিকা, ব্রাজিল, ইংল্যান্ড, ইতালির ৫০ টি কোম্পানির সঙ্গে ভারতে প্রতিরক্ষা প্রযুক্তি ও উৎপাদন বৃদ্ধির জন্য এক আলোচনা সভায় অংশ নেবেন।

oooooooooooooooooooooo

বাংলাদেশে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আজ মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা শুরু হয়েছে।প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর দুই ঘনিষ্ঠ সহযোগী এই মামলার মূল অভিযুক্ত। বিচারপতি মহম্মদ গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ এই মামলার বিচারের দায়িত্বে রয়েছে। এর প্রেক্ষিতে রাজধানী ঢাকা জুড়ে নিরাপত্তা জোরদার করা হয়েছে। ট্রাইব্যুনাল প্রাঙ্গণে বর্ডার গার্ড বাংলাদেশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন এবং বাংলাদেশ সেনার অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়েছে।

গত বছরের জুলাই-আগস্ট মাসে ছাত্র-যুব বিদ্রোহের মোকাবিলায় তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার বিক্ষোভকারীদের উপর দমন-পীড়ন ও অত্যাচার চালায় বলে অভিযোগ। হাসিনার পাশাপাশি, ট্রাইব্যুনাল প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং প্রাক্তন পুলিশ প্রধান চৌধুরী আবদুল্লাহ আল-মামুনেরও বিচার করছে। তবে আল-মামুন রাজসাক্ষী হয়েছেন।

বিদ্রোহের পরে দেশ ছেড়ে পালিয়ে যাওয়ায় শেখ হাসিনা এবং আসাদুজ্জামান খান কামালের অনুপস্থিতিতেই বিচার চলে। হেফাজতে থাকা আল-মামুন, সেই সময়ে প্রশাসনের শীর্ষ কর্তাদের নির্দেশ বর্ণনা করে বিস্তারিত সাক্ষ্য দিয়েছেন বলে জানা গেছে।

জাতীয় নির্বাচনের মাত্র কয়েক মাস আগে এই রায়ের রাজনৈতিক প্রভাব তাৎপর্যপূর্ণ হতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।

oooooooooooooooooooooo

লুক্সেমবার্গের স্ট্রাসেনে অনুষ্ঠিত জিটি ওপেন ইন্ডোর ওয়ার্ল্ড সিরিজে পুরুষদের কম্পাউন্ড বিভাগে শিরোপা জিতলেন ভারতীয় তীরন্দাজ কুশল দালাল। প্রাক্তন বিশ্বের এক নম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের স্টিফেন হ্যানসেনকে হারিয়ে স্বর্ণপদক জিতেছেন তিনি। উল্লেখ্য সেমিফাইনালে ফ্রান্সের বিশ্ব চ্যাম্পিয়ন নিকোলাস জেরার্ডকে হারিয়ে ফাইনালে পৌঁছেছিলেন কুশল।

অন্যদিকে অনূর্ধ্ব-২১ পুরুষদের কম্পাউন্ড বিভাগে ব্রোঞ্জ জিতেছেন ভারতের গণেশ মণি রত্নম থিরুমুরু।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo